

পোকা পরিচিতি

শুকনো আবহাওয়া বা খরার সময় এবং যে সমস্ত জমিতে পানি দাঁড়ায় না এ অবস্থায় ছাতরা পোকাকার আক্রমণ দেখা যায়।

পূর্ণবয়স্ক স্ত্রী ছাতরা পোকা ২-৩ মিলিমিটার লম্বা, দেহ নরম এবং গায়ের রঙ গোলাপি। এদের গায়ের উপর সাদা মোম জাতীয় পদার্থ লাগানো থাকে। এদের কোন পাখা নেই, তবে পুরুষ পোকাকার দুটো পাখা আছে। স্ত্রী পোকা গাছের কাণ্ড ও খোল পাতার মধ্যবর্তী স্থানে মোম জাতীয় পদার্থের কুণ্ডলীতে ডিম পাড়ে। তিন থেকে ছ'ঘন্টার মধ্যে ডিম ফুটে কীড়া বের হয়। কীড়া থেকে পূর্ণবয়স্ক ছাতরা পোকায় পরিণত হতে ১২-১৮ দিন সময় লাগে। অনুকূল আবহাওয়ায় ছাতরা পোকা ১২-১৮ দিনে একটি জীবনচক্র শেষ করতে পারে।



ছাতরা পোকা

ক্ষতি

- ▶ ছাতরা পোকাকার কীড়া পূর্ণবয়স্ক উভয়েই ফসলের ক্ষতি করে।
- ▶ সব মৌসুমে এর আক্রমণ হতে পারে, তবে আউশ মৌসুমেই এর প্রকোপ বেশি।
- ▶ পূর্ণবয়স্ক পোকা ও কীড়া গাছের কাণ্ড ও খোল পাতায় মোমজাতীয় পদার্থের মধ্যে এক সংগে অনেক সংখ্যায় থাকে এবং গাছের রস শুষে খায়। ফলে গাছ খাটো এবং পাতা হলদে হয়ে যায়। আক্রমণ তীব্র হলে ধান গাছ থেকে শিষ বের হয় না। ধানক্ষেতের বিভিন্ন জায়গায় এদের বিক্ষিপ্ত আক্রমণ দেখা যায় এবং আক্রান্ত গাছগুলো বসে গেছে বলে মনে হয়।



ছাতরা পোকাকার আক্রমণের লক্ষণ

দমন ব্যবস্থাপনা

- ▶ আক্রান্ত গাছ উপড়িয়ে মাটিতে পুতে বা আগুনে পুড়িয়ে নষ্ট করে ফেলা। সম্পূর্ণ ক্ষেতের পরিবর্তে শুধু মাত্র আক্রান্ত জায়গায় ভাল করে কীটনাশক ছিটালে দমন খরচ অনেক কমে যাবে।